			২. যাহা ফুরাইয়া গিয়াছে	जो समाप्त हो गया है	consumed, exhausted
বাড়বাড়ন্ত	বি.	**বাড়্বাড়ংত**	অত্যন্ত শ্রীবৃদ্ধি	बहुत समृद्धि	great prosperity
বাড়া	ক্রি.	**বাড়া**	১. বৃদ্ধি পাওয়া	वृद्धि होना	to increase,
			২. ভোজন পাত্রে সাজাইয়া দেওয়া	भोजन परोसना	to lay table with dishes to be served,
			৩. কাটা (শিষ বাহির করিবার জন্য পেনসিল বাড়া)	काटना (व्यर्थ की चीजें अलग करने के लिए काटना)	to mend
বাড়ানো	ক্রি.	**বাড়ানো**	১. প্রসারিত করা	विस्तारित करना	to expand
			২. ভোজন পাত্রে অন্যের দ্বারা সাজাইয়া দেওয়া	भोजन को थाली में परोसना,	to serve (food)
			৩. কাটান	काट देना (मुहावरा)	to leave out
			৪. অতিরিক্ত প্রশংসা করা	अधिक प्रशंसा करना	to indulge in praising
			৫. অতিরঞ্জিত করা	अतिरंजित करना	to exaggerate
			৬. অত্যন্ত প্রশ্রয় দেওয়া	अधिक प्रश्रय देना	to give undue partronage
বাড়াবাড়ি	বি.	**বাড়া-বাড়ি**	অত্যধিক বাড়	औचित्य की सीमा से अधिक क्रियाकलाप	excessive activity
বাড়ি	বি.	**বাড়ি**	১. আঘাত	आघात	blow
			২. লাঠি, দণ্ড	लाठी, डंडा	stick, club
			৩. বাসস্থান, গৃহ	निवास स्थान, गृह	residence, house
বাড়িওয়ালা	বি.	**বাড়ি-ওয়ালা**	প্রধানত ভাড়াটিয়া বাড়ির মালিক	मकान मालिक	land lord
বাণ	বি.	**বাণ**	তীর, শর, শায়ক, ইষু	वाण, तीर, शर	arrow, shaft, dart
বাণিজ্য	বি.	**বাণিজ্য**	ব্যবসায়, পণ্য দ্রব্যাদি কেনা বেচা	वाणिज्य, व्यवसाय, वस्तुओं का क्रय-विक्रय	trade, commerce
বাণী	বি.	**বাণী**	১. কথা, উক্তি	वाणी, बात या वाणी, उक्ति	message, word
			২. ভাষণ	भाषण	speech
			৩. সরস্বতী	सरस्वती	Saraswati

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			৪. উপদেশপূর্ণ উক্তি	उपदेशपूर्ण उक्ति	instruction
বান্ডিল	বি.	**बांडिल**	পুলিন্দা, একসঙ্গে বাঁধা কাগজপত্র ইত্যাদি	पुलिंदा, बंडल, एक साथ बंधे हुए कागज, पत्रों का पुलिंदा	bundle, papers tied together
বাত	বি.	**बात**	১. কথা	बात	word
			২. খবর	खबर	news
			৩. বায়ু	वायु	air
			৪. রোগ বিশেষ	एक रोग	rheumatism
			৫. দেহের ধাতু বিশেষ	शरीर का एक तत्व (वायु)	one of the physical constituents of matter (body)
বাতকর্ম	বি.	**बातकर्म**	অপান বায়ু ত্যাগ	अपान वायु छोड़ना	farting
বাতা	বি.	**बाता**	১. বাঁশ বা কাঠের পাতলা লম্বা ফালি	बाँस अथवा लकड़ी की पतली तीली, खपच्ची	bamboo-slip, lath
			২. কাঁচা ঘরের চালে ব্যবহৃত ঐ প্রকার ফালি	कच्चे मकान की छत के लिए प्रयुक्त उक्त प्रकार की तीली	bamboo-slips to cover the roof of a hut
বাতাবি/ বাতাবী	বি.	**बातावि/ बातावी**	বড় লেবু বিশেষ	चकौतरा	grape fruit
বাতায়ন	বি.	**बातायन**	বায়ু প্রবেশদ্বার, জানালা, গবাক্ষ	वातायन, झरोखा, खिड़की गवाक्ष	ventilator, window
বাতাস	বি.	**बातास**	১. বায়ু, হাওয়া	वातास, वायु	air, wind
			২. ব্যজন	व्यजन हवा	fan
			৩. (প্রধানত মন্দার্থে) প্রভাব, সংস্রব	प्रभाव (बुरे अर्थ में)	influence (bad)
			৪. অপদেবতাদির অদৃশ্য আক্রমণ	भूत-प्रेत का प्रभाव	attack of evil spirit
বাতাসা	বি.	**बातासा**	চিনি ও গুড়ের তৈয়ারি ফাঁপা মিষ্টি দ্রব্য বিশেষ	बताशा	a kind of sugar candy

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বাতাহত	বিণ.	**वाताहत**	বায়ুতাড়িত	वायु द्वारा झकझोरा हुआ	air-driven, wind-beaten
বাতি	বি.	**बाति**	১. দীপ, প্রদীপ	बाती, दीपक, प्रदीप	wick lamp
			২. আলো	प्रकाश	light
			৩. গাছের সরু লম্বা গুঁড়ি	पेड़ की पतली डाल	stick
			৪. সলিতা ভরা মোম ইত্যাদির ছোট দণ্ড বিশেষ	मोमबत्ती	candle
বাতিক	বি.	**बातिक**	১. বায়ুরোগ	वायु विकार	disease originating from air
			২. পাগলামি, ছিটবাতোৎপন্ন বায়ু জনিত (বাতিক ব্যাধি)	पागलपन, वात से उत्पन्न विकार, विक्षिप्ति	neurosis, mania, craze
বাতুল	বিণ.	**बातुल**	১. বায়ু রোগগ্রস্ত	वातुल, वात रोग से ग्रस्त	neurotic, insane
			২. উন্মাদ, পাগল	पागल	lunatic
বাৎসরিক	বিণ.	**बात्स-रिक**	১. বৎসর সম্বন্ধীয়	वार्षिक	yearly
			২. বৎসর বৎসর অনুষ্ঠিত, বার্ষিক	प्रतिवर्ष होने वाला उत्सव	annual (function)
বাৎসল্য	বি.	**वात्सल्य**	১. বৎসলতা, স্নেহ	वात्सल्य, वत्सलता, स्नेह	affection, love
			২. রস বিশেষ	रस विशेष	an aesthetic mood in which paternal or maternal love is expressed (in poetry)
বাথান	বি.	**बाथान**	১. গোশালা	गोशाला	cowhouse
			২. গোচারণ ভূমি	गोचारण भूमि	pasture
			৩. গবাদি পশুর পাল	मवेशियों पशुओं का झुंड	cattle stall
বাদ	বি.	**बाद**	১. বাধা, বিঘ্ন	बाधा, विघ्न	obstacle, hurdle
			২. বৈরিতা	शत्रुता	enmity
			৩. উক্তি, কথন	उक्ति, कथन	saying, utterance

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			৪. বাক্য	वाक्य	sentence
			৫. তর্ক	तर्क	debate
			৬. কলহ	कलह	altercation
			৭. মত	मत	opinion
বাদ সাধা	ক্রি.	**बाद साधा**	১. বিঘ্ন সৃষ্টি করা ২. বৈর সাধন করা	विघ्न उत्पन्न करना, वैर साधना	creating obstacles engendering hostility
বাদ প্রতিবাদ	বি.	**बाद-प्रतिवाद**	তর্কবিতর্ক	वाद-विवाद, तर्क-वितर्क	debate, dispute
বাদবাকি	বিণ.	**बादबाकि**	অবশিষ্ট	अवशिष्ट, शेष	remainder
বাদবিতণ্ডা	বি.	**बाद-बितंडा**	কথা কাটাকাটি, প্রবল তর্কাতর্কি	वाद-विवाद, जोर की बहस	altercation, wrangling, dispute
বাদ-বিসংবাদ	বি.	**बाद-बिसंवाद**	ঝগড়াঝাঁটি	लड़ाई-झगड़ा, झगड़ा-झंझट	quarrel, wrangling, brawl
বাদসাদ	বি.	**बादसाद**	ছাড় ছোড়, কিছু পরিমাণে বাদ	छूट, कुछ अंश या परिमाण छोड़ देना	partial deduction, allowance
বাদক	বি. বিণ.	**बादक**	বাদ্যকর, বাজিয়ে	वादक, बाजा बजानेवाला, साजिंदा	instrumentalist
বাঁদর	বি.	**बांदर**	বানর	बंदर	monkey, ape
বাঁদরামি	বি.	**बांदरामि**	বাঁদরের মত দুরন্তপনা বা অশিষ্ট, অসভ্য আচরণ	बंदर की तरह नटखटपना बंदर की तरह अशिष्ट आचरण	monkey like behaviour, mischief
বাদল	বি.	**बादल**	১. বর্ষা ২. মেঘবৃষ্টি, দুর্দিন	वर्षा बादल और वर्षा, दुर्दिन	rainy season cloud and rain, inclement weather
বাদলা	বি.	**बादला**	১. জরির সুতা	जरी का धागा, कामदानी का तार	silken thread

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
	বিণ.		১. বাদলা ২. বর্ষাকালীন ৩. বর্ষাসিক্ত	बादलों से घिरा वर्षाकालीन भींगा हुआ	cloudy rainy, overcast soaked in rain
বাদশাহ	বি.	**बादशाह**	মুসলমান সম্রাট	बादशाह, मुसलमान सम्राट	king, Muslim emperor
বাদশাহি/ বাদশাহী	বি.	**बादशाहि/ बादशाही**	১. বাদশাহর পদ অধিকার বা রাজ্য	बादशाही अधिकार या राज्य	the office or reign or domination of Badshah
			২. বাদশাহের বা তত্তুল্য আড়ম্বরময় জীবন যাপন	बादशाह के समान तड़क भड़क का जीवनयापन	life of splendour befitting a Badshah
	বিণ.		১. বাদশাহ সম্বন্ধীয় ২. বাদশাহর উপযুক্ত বা তুল্য	बादशाह संबंधी या बादशाह के योग्य या समान	relating to a Badshah befitting a Badshah
বাদা	বি.	**बादा**	বিস্তীর্ণ জলাভূমি	विस्तीर्ण जलमय भूमि	marsh
বাদানুবাদ	বি.	**बादानुबाद**	তর্কবিতর্ক, কথা কাটাকাটি	वाद-विवाद, तर्क-वितर्क	debate, dispute, altercation
বাদাম	বি.	**बादाम**	১. কঠিন আবরণযুক্ত বিভিন্ন ফলবীজ যাহার শাঁস খাওয়া যায়	बादाम, गिरीवाला सूखा फल	nut, almond
			২. নৌকার পাল	पाल (नाव का)	sail
বাদামি	বিণ.	**बादामी**	১. বাদাম সদৃশ ২. বাদামের খোসার ন্যায় বর্ণযুক্ত	बादामी बादाम के आकार-प्रकार का, बादाम के छिलके के रंग का	nut-like almond-coloured
বাঁদিপোতা	বি.	**बांदिपोता**	ডোরাকাটা বা চৌখুপি রঙিন বস্ত্র বিঃ	डोरे वाला चौखाने का रंगीन वस्त्र	chequered multi-coloured cloth

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বাঁদী	বি.	**बांदी**	১. দাসী	दासी	maid
			২. ক্রীতদাসী	क्रीतदासी	slave
			৩. ঝি	नौकरानी	female servant
বাদী	বিণ.	**बादी**	১. বক্তা	वक्ता, वादी	speaker
			২. মতাবলম্বী	मतावलंबी	follower
			৩. ফরিয়াদি, অভিযোক্তা	फरियादी, अभियोक्ता	respondent, accused
বাদুড়	বি.	**बादुड़**	বড় চামচিকার মত জীব বিশেষ	बड़े चमगादड़ की तरह का एक प्राणी	bat
বাদুড়ঝোলা	বিণ.	**बादूड़-झोला**	বাদুড়ের মত ঝুলন্ত অবস্থায়	चमगादड़ की तरह झूलता हुआ	dangling like a bat
বাদে	বি.	**बादे**	দ্রঃ বাদ		
বাদ্য	বি.	**बाद्य**	১. বাজনা	वाद्य, बाजा	instrumental music
			২. বাজনার যন্ত্র	वाद्ययंत्र	musical instrument
বাদ্যকর	বি.	**बाद्यकर**	বাজনদার, বাজিয়ে	वादक, बाजा बजानेवाला साजिंदा	instrumentalist
বাদ্যভাণ্ড	বি.	**बाद्यभाण्ड**	বাদ্যযন্ত্র সমূহ	बाजों का या वाद्ययंत्रों का समूह	collection of instruments
বাঁধ	বি.	**बांध**	জল আটকাইবার জন্য আল বা প্রাচীর	बांध	dyke, dam
বাধক	বিণ.	**बाधक**	বাধাজনক, প্রতিবন্ধক	बाधक, बाधाजनक अड़चनयुक्त	hindering, impeding, obstructive
	বি.		গর্ভধারণে বাধাদায়ক রোগ বিশেষ, রজোদোষ	स्त्रियों का रोग जिसमें उन्हें संतति नहीं होती, रजोदोष	secondary amenorrhoea
বাঁধন/বাঁধুনি	বি.	**बांधन/बांधनि**	১. বন্ধন	बंधन	tie
			২. বাঁধুনি	बांधनी	knot
			৩. শৃঙ্খলা	शृंखला	arrangement, order

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বাঁয়া	বি.	**बाँया**	তবলার সহচররূপে ব্যবহৃত বামহস্তে বাজাইতে হয় এমন আনদ্ধ বাদ্যযন্ত্র বিশেষ	तबले का बाँया वाद्क, डग्गा	one of a pair of kettle drums placed in the left hand side
বাঁধা	ক্রি.	**बांधा**	১. বন্ধন করা	बांधना	to fasten
			২. আবদ্ধ করা	आबद्ध करना	to bind, to tie
			৩. সংহত করা	संयत होना	to confine, to restrain
			৪. গ্রথিত করা	गूंथना	to plait
			৫. নির্মাণ করা	निर्माण करना	to build
			৬. সংযোগ করা	जोड़ना	to connect
	বি.		বন্ধন, নির্মাণ, সংযোগ, মিলন	बंधन, निर्माण, जोड़	binding, construction, connection
বাধা	বি.	**बाधा**	১. ব্যাঘাত, প্রতিবন্ধ, উপদ্রব	बाधा, रुकावट, व्याघात अड़चन	hindrance prohibition
			২. নিষেধ	निषेध	obstruction
বাধানো	ক্রি.	**बाधानो**	১. বন্ধন করানো	बंधवाना	to get fastened
			২. গ্রন্থন বা নির্মাণ করানো	निर्माण कराना	to get bound
			৩. আটকান	अटकाना	to restrain, to tie
বাধিত	বিণ.	**बाधित**	১. বাধাপ্রাপ্ত	बाधित,	obstructed
			২. নিবারিত	जिसके मार्ग में बाधा खड़ी	impeded, prohibited
			৩. বশীভূত	हो गई हो, निवारित, वर्जित, वशीभूत	brought under control
বাধ্য	বিণ.	**बाध्य**	১. বারণযোগ্য, নিষেধ্য	बाध्य, बाधा देने योग्य,	preventible, resistable
			২. অনুগত, আজ্ঞাবহ, বশীভূত	अनुगत, वशीभूत	obedient, under control
			৩. অন্যথা হইবার নহে এমন	मजबूर	amenable, docile
বান	বি.	**बान**	১. বন্যা, জলপ্লাবন	बाढ़	flood
			২. নদনদীর অকস্মাৎ জলস্ফীতি	जलप्लावन	inundation

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বানচাল	বিণ.	**बानचाल**	১. যাহার তলা ফাঁসিয়া গিয়াছে এমন নৌকা	जिसका तला फँस गया हो ऐसी नौका	rendered unworkable
			২. বিপর্যস্ত	जो उलट गया है	foiled, capsized, reversed
বানপ্রস্থ	বি.	**बानप्रस्थ**	শাস্ত্রোক্ত তৃতীয় আশ্রম	वानप्रस्थ, शास्त्रोक्त तीसरा आश्रम	third stage of life as per Hindu scriptures
	বিণ.		তৃতীয় আশ্রম অবলম্বন-কারী	वानप्रस्थ का अवलंबन करने वाला	one who has taken to the third stage
বানর	বি.	**बानर**	বাঁদর, কপি	बंदर, कपि	monkey, ape
বানান	বি.	**बानान**	শব্দের অক্ষর বিন্যাস	वर्ण-विन्यास, वर्तनी	spelling
বানানো	ক্রি.	**बानानो**	১. প্রস্তুত করা	बनाना, प्रस्तुत करना	to prepare
			২. কোনো কিছুর তুল্য বলিয়া প্রতিপন্ন করা	तैयार करना	to make
			৩. রাঁধা	पकाना	to cook
বানি	বি.	**बानि**	অলংকারাদি তৈয়ারি করার মজুরি	गहनों की गढ़ाई (मजदूरी)	making charges (of ornaments)
বান্দা	বি.	**बांदा**	১. দাস, গোলাম, চাকর	बंदा, दास, गुलाम, नौकर	servant
			২. অনুগত বা অধীনব্যক্তি (বিদ্রুপে)	अनुगत या अधीन (व्यंग्यार्थ)	slave
বান্ধব	বি.	**बांधव**	১. স্বজন, আত্মীয়	बांधव, स्वजन, आत्मीय	kinsfolk, relations
			২. বন্ধু	बंधु, घनिष्ठ मित्र	friend
বান্ধবী	বি.	**बांधवी**	স্ত্রী বন্ধু, সখী	बांधवी, स्त्री-बंधु, सखी	girl friend
বান্ধুলি/ বাঁধুলি	বি.	**बांधुलि/ बांधुलि**	লাল ফুল বিশেষ	लालफूल विशेष, बंधूक, दुपहरिया का फूल	a crimson coloured flower
বাপ	বি.	**बाप**	১. বাবা, পিতা	बाप, पिता	father
			২. পুত্র স্থানীয় ব্যক্তিকে স্নেহ সম্বোধন	पुत्र के समान किसी व्यक्ति का स्नेह पूर्वक संबोधन	an address term for somebody who is like a son

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
	বিস্ম.		ভয়, বিস্ময় ইত্যাদি সূচক	भय, विस्मय इत्यादि सूचक (बाप रे)	exclamatory word expressing fear and suspense
বাপধন	বি.	**बापधन**	পুত্র স্থানীয় ব্যক্তিকে স্নেহ সম্বোধন	पुत्र समान व्यक्ति का स्नेह पूर्ण संबोधन (वत्स)	address term for some body who is like a son
বাপু	বি.	**बापु**	১. স্নেহের পাত্রকে বা পদমর্যাদায় হীনতর ব্যক্তিকে সম্বোধন	स्नेहपात्र अथवा पदमर्यादा में हीन व्यक्ति का संबोधन	addressing one who is an object of affection or inferior in status
	বিস্ম.		২. বিরক্তি, ক্রোধ প্রভৃতি সূচক	क्रोध और झुंझलाहट-सूचक संबोधन	denoting annoyance, anger etc.
বাফতা	বি.	**बाफ्ता**	রেশম ও কার্পাস মিশ্রিত মিহি বস্ত্র বিশেষ	रेशम और कपास मिश्रित महीन वस्त्र	a fine fabric made of silk and cotton
বাবত/বাবদ	ক্রি.বিণ.	**बाबत/ बाबद**	দরুন, জন্য	बावत, के संबंध में	on account of about
বাবরি	বি.	**बाबरि**	কান পর্যন্ত লম্বা ঢেউ খেলানো চুল	कान तक लटके हुए लंबे घुंघराले बाल	curly hair down to the neck
বাবরিকাটা	বিণ.	**बाबरिकाटा**	বাবরির ন্যায় কুঞ্চিত	केहरी की तरह घुंघराला	curled as mane
বাবলা	বি.	**बाबला**	কাঁটাওয়ালা গাছ বিশেষ	एक काँटेदार वृक्ष, बबूल	accacia
বাবা	বি.	**बाबा**	১. পিতা, জনক ২. পুত্র স্থানীয়কে স্নেহ সম্বোধন ৩. দেবতা, সন্ন্যাসী ইত্যাদির উপাধি বিশেষ	पिता पुत्र की तरह व्यक्ति का स्नेह सूचक संबोधन देवता, संन्यासी के लिए प्रयुक्त शब्द	father address term to some one who is like a son, used as an address term a word for a god or an ascetic
বাবাঃ	বিস্ম.	**बाबाः**	বিস্ময়, কষ্ট ইত্যাদি সূচক	कष्ट, विस्मय इत्यादि का सूचक शब्द	expression of surprise affliction etc

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বাবাজি	বি.	**बाबाजी**	সাধু সন্ন্যাসীদের বিশেষত বৈষ্ণব সাধুদের উপাধি	साधु-संन्यासियों की उपाधि-बाबा	address term to an ascetic or saintly person
বাবাজীবন	বি.	**बाबाजीवन**	পুত্রস্থানীয়কে স্নেহ সম্বোধন (বিশেষত জামাতাকে)	पुत्र के समान व्यक्ति को स्नेहपूर्ण संबोधन (विशेषतः जमाई के लिए)	address term to young man (especially for son-in-law)
বাবু	বি.	**बाबू**	১. হিন্দু ভদ্রলোকের নামের সহিত যুক্ত উপাধি	हिंदू प्रतिष्ठित व्यक्ति के नाम के साथ जुड़ने वाली उपाधि	a title affixed to the name of a Hindu gentleman,
			২. কেরানি	मुनीम	clerk
			৩. পিতা, বাবা	पिता, स्वामी	father
			৪. মনিব	घर का मालिक	master
			৫. হিন্দু ভদ্র পরিবারের গৃহকর্তা বা অন্য বয়স্ক পুরুষ	गृहकर्ता	elderly man
	বিণ.		১. শৌখিন, বিলাসী	शौकीन, विलासी, ऐयाश	desirous
			২. আয়েসি		amorous, lover of sensual pleasure
বাবুগিরি/ বাবুয়ানা	বি.	**बाबूगिरि/ बाबुयाना**	বিলাসিতা, বড়মানুষি চাল চলন	विलासिता, अमीरी का रहन-सहन	foppishness dandyism
বাবুই	বি.	**बाबुइ**	১. গৃহ নির্মাণে দক্ষ পক্ষি বিশেষ	गृह निर्माण में दक्ष	window-bird, species of basil
			২. এক প্রকার দীর্ঘ ও শক্ত তৃণ	एक प्रकार की बड़ी और कठोर घास	a long hard grass
বাবুর্চি/ বাবুর্চী	বি.	**बाबुर्ची/ बाबुर्चि**	যে পাচক বিলাতি বা মুসলমানি রান্না রাঁধে	बावर्ची	cook or chef (European or Muslim style)
বাবুর্চিখানা	বি.	**बाबुर्चि-खाना**	রান্নাঘর	रसोईघर, बावर्चीखाना	kitchen

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বাম	বিণ.	**बाम**	১. বাঁ, দক্ষিণেতর	वाम, बायाँ	left
			২. বিমুখ, প্রতিকূল	विमुख, प्रतिकूल	adverse, unfavourable
			৩. সুন্দর, মনোহর (বাম লোচনা)	सुंदर, मनोहर	beautiful, charming
	বি.		১. বাঁদিক	बायीं ओर	left side
			২. শিব	शिव	lord Shiva
বামন	বি.	**बामन**	১. অত্যন্ত খর্ব ব্যক্তি	वामन, अत्यंत ठिगना व्यक्ति, बौना	dwarf
			২. বিষ্ণুর পঞ্চম অবতার	विष्णु का पाँचवाँ अवतार	fifth incarnation of lord Vishnu
বামা	বি.	**बामा**	সুন্দরী নারী, রমণী	वामा, सुंदरी नारी, रमणी	beautiful woman, woman
	বিণ.		বিমুখী, প্রাতিকূল্য	विमुखी, प्रतिकूला	the lady who does not favour or is unresponsive
বামাচার	বি.	**बामाचार**	তান্ত্রিক আচার বিশেষ	वामाचार, तांत्रिक आचार विशेष	Tantric practice of collaboration of men and women
বামাচারী	বিণ.	**बामाचारी**	বামাচার পরায়ণ	वाम मार्ग का पालन करने वाला	those who practise tantrik ritual (bamachar)
বামাল	বি.	**बामाल**	অপহৃত বা লুণ্ঠিত বস্তু	चुराई हुई वस्तु	stolen goods
বামন/বামুন	বি.	**बामन/ बामुन**	১. ব্রাহ্মণ	ब्राह्मण	Brahmin
			২. পুরোহিত	पुरोहित	priest
			৩. পাচক	पाचक, रसोइया	cook
			৪. হিন্দু চতুর্বর্ণের শ্রেষ্ঠ বর্ণ	हिंदुओं के चार वर्णों में से श्रेष्ठ	first of the four Hindu castes
বায়না	বি.	**बायना**	১. আবদার	अनुचित माँग या अतियाचना	importunity
			২. কোনো কিছুর জন্য বারবার প্রার্থনা	किसी चीज के लिए बारबार प्रार्थना	insistent demand or request

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			৩. মজুরি, ভাড়া, দাম ইত্যাদির যে অংশ আগাম দেওয়া হয়	बयाना, अग्रिम मजदूरी, किराया दाम इत्यादि का जो अंश अग्रिम दिया जाता है	earnest money advance payment
			৪. ছল, ছুতা, বাহানা	बहाना	pretext
বায়নাপত্র	বি.	**বায়নাপত্র**	বায়না দিয়া সম্পাদিত ক্রয় বিক্রয় সংক্রান্ত দালালি	बायना का कागज इकरारनामा	agreement, paper of earnest money
বায়বীয়	বিণ.	**বায়বীয়**	১. বায়ু সংক্রান্ত ২. বায়ুজাত ৩. বায়ুবৎ ৪. বায়ুপথে বিচরণকারী	वायवीय, वायु संबंधी, वायु से उत्पन्न, हवा जैसा वायु के समान चलने वाला	relating to the wind produced by wind, gaseous air like aerological
বায়স	বি.	**বায়স**	কাক	काक, कौआ	crow
বায়ু	বি.	**বায়ু**	১. হাওয়া, বাতাস ২. বায়ুরোগ	हवा, वायु वायु रोग ग्रस्त	air, wind neurosis
বায়ুগ্রস্ত	বিণ.	**বায়ুগ্রস্ত**	১. বাতিকগ্রস্ত, পাগল ২. বায়ুরোগগ্রস্ত	वायुग्रस्त, वातग्रस्त वायु रोग	neurotic, insane flatulent
বায়ুমণ্ডল	বি.	**বায়ুমংডল**	পৃথিবীর উপরিস্থ যে স্থান পর্যন্ত ব্যাপিয়া বায়ু আছে	वायुमंडल, पृथ्वी के चारों ओर का वायुमंडल	atmosphere
বায়ুরোগ	বি.	**বায়ুরোগ**	১. উন্মাদরোগ ২. কুপিত বায়ুজনিত রোগ	वायुरोग, उन्माद, पागलपन, वायु के प्रकोप का रोग	insanity flatulence
বায়ুসেবন	বি.	**বায়ুসেবন**	উন্মুক্ত স্থানে বিচরণপূর্বক বিশুদ্ধ বায়ু শ্বাস-প্রশ্বাসের সহিত দেহমধ্যে গ্রহণ	वायुसेवन, स्वास्थ्य रक्षा के लिए खुली शुद्घ हवा में घूमना	taking the fresh air during morning walks
বায়েন	বি.	**বায়েন**	১. বাদক ২. দক্ষ বাদক	वादक बाजा बजाने में दक्ष	instrumentalist skilled instrumentalist
বায়োস্কোপ	বি.	**বায়োস্কোপ**	চলচ্চিত্র, সিনেমা	चलचित्र, सिनेमा	cinema, movie

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বার	বি.	**बार**	১. রবি, সোম ইত্যাদি দিন	वार, रवि, सोम इत्यादि दिन	days of a week
			২. পুণ্য তিথি	पुण्यतिथि	auspicous lunar day
			৩. দফা	दफा	turn or times
			৪. সমূহ, সাধারণ	बार, समूह	group
			৫. পালা	बारी	turn
			৬. বাধাদান	बाधा देना	putting an obstruction
			৭. উকিল সমাজ, কোনো আদালতের সমূহ উকিল	वकील समाज किसी अदालत में वकीलों का समूह	bar in a court
			৮. ভার, বোঝা	भार, बोझ	burden
			৯. রাজসভা, দরবার	राजसभा, दरबार	durbar
বার	বিণ.	**बार**	১২ সংখ্যা, দ্বাদশ	१२ की संख्या, बारह	twelve
বারবার/ বারংবার	ক্রি.বিণ.	**बारबार/ बारंबार**	পুনঃ পুনঃ	बारबार, पुनःपुनः	again and again
বারকোশ	বি.	**बारकोश**	কাষ্ঠ নির্মিত বড় থালা	काठ का बड़ा थाल	big plate or tray made of wood
বারব্রত	বি.	**बारव्रत**	পুণ্য তিথিযুক্ত দিন ও ব্রত	बारव्रत, पुण्यतिथि-युक्त दिन और व्रत	fasting on a holy day
বারভূত	বি.	**बारभूत**	বহু অবাঞ্ছিত ব্যক্তি	अवांछित व्यक्तियों का गिरोह	a gang of undesirable persons
বারণ	বি.	**बारण**	১. নিষেধ, মানা	निषेध, मनाही	prohibition
			২. নিবারণ	निवारण	resistance
			৩. রোধ	रोध	prevention
			৪. হস্তী	हाथी	elephant
বার্তা/বারতা	বি.	**वार्ता/ बारता**	১. সংবাদ	संवाद	news
			২. বৃত্তান্ত	वार्ता	message
			৩. জনশ্রুতি	जनश्रुति	rumour
বারনারী/ বারবধূ/	বি.	**बारनारी/ बारवधू**	বেশ্যা, বারাঙ্গনা	वारवधू, वारवनिता, वेश्या, वारांगना	prostitute, a woman of loose repute

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বারবনিতা	বি.	**बारबनिता**		वारवनिता	a woman of loose repute
বারফট্টাই	বি.	**बारफट्टाइ**	বাহিরের অর্থাৎ মৌখিক আস্ফালন	आत्मश्लाघा	bragging, swaggaring
বারবেলা	বি.	**बारबेला**	দিনের যে সময় যাত্রা ও অন্যান্য শুভ কার্য নিষিদ্ধ	दिन का वह समय जब शुभ-कार्य निषिद्घ हो	inappropriate time of the day to begin anything auspicious
বারমাসি/ বারমাস্যা	বিণ.বি.	**बारमासि/ बारमास्या**	নায়িকার এক বৎসর ব্যাপী সুখ দুঃখের কাহিনী সম্বলিত কবিতা	बारहमासी, नायिका के बारह महीनों में वर्णित विरह की कविता	lasting twelve months, a kind of poetry depicting the mood of lovelorn lady during the whole year (according to seasons)
বারমেসে	বিণ.	**बारमेसे**	যাহা বারমাস থাকে বা ঘটে	बारहमासा	continuing over twelve months
বারশিঙ্গা	বি.	**बारशिंगा**	প্রতি শৃঙ্গে ছয়টি শাখাযুক্ত হরিণ বিশেষ	बारहसिंगा	a stag
বারাঙ্গনা	বি.	**बारांगना**	দ্রঃ বারনারী		
বারাণ্ডা/ বারান্দা	বি.	**बाराण्डा/ बारान्दा**	অলিন্দ, ঘরের সম্মুখের চাতাল	बरामदा, बरांडा, घर के सामने का चबूतरा	a verandah
বারি	বি.	**बारि**	জল	जल, पानी	water
বারিদ	বি.	**बारिद**	মেঘ	वारिद, मेघ	cloud
বারিধি/ বারিনিধি	বি.	**बारिधि/ बारिनिधि**	সমুদ্র	वारिधि, समुद्र	sea
বারীশ/ বারীন্দ্র	বি.	**बारीश बारीन्द**	সাগর, সমুদ্র	सागर, समुद्र	sea, ocean

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বারুই/ বারই	বি.	**बारुइ/ बारइ**	পান চাষকারী হিন্দু জাতি বিশেষ	बारी, बंगाल में घर को छाने का काम करने वाली एक जाति, तंबोली जाति	labourer, a community skilled in thatching the roof in West Bengal, dealer in betel leaves
বারুণী	বি.	**बारुणी**	১. মদ্য বিশেষ ২. পশ্চিম দিক ৩. বরুণের পত্নী ৪. শতভিষা নক্ষত্র ঐ নক্ষত্রযুক্তা কৃষ্ণা চতুর্দশীতে পালনীয়	वारुणी, मद्य विशेष पश्चिम की ओर वरुण की पत्नी पर्व विशेष (वारुणी नक्षत्र की कृष्णपक्ष चतुर्दशी को)	a wine west ward god Varun's wife a festival in celebrated to the water god Varun
	বিণ.		বরুণ সম্বন্ধীয়	वरुण संबंधी	relating to Varun
বারুদ	বি.	**बारुद**	গুলি ছুড়িবার জন্য ব্যবহৃত বিস্ফোরক চূর্ণ বিশেষ	बारूद (विस्फोटक चूर्ण)	gun powder
বারেক	ক্রি.বিণ.	**बारेक**	একবার, মাত্র একবার	एक बार	once, only once
বারেন্দ্র	বি.	**बारेंद्र**	১. বরেন্দ্রভূমির অধিবাসী ২. বাঙ্গালী ব্রাহ্মণের শ্রেণী বিশেষ	वारेंद्र, वरेंद्र भूमि के निवासी बंगाली ब्राह्मणों की श्रेणी विशेष	inhabitants of North Bengal, class of Bengali Brahmins
বারুইয়ারি/ বারোয়ারি	বি. বিণ.	**बारुइयारि/ बारोयारि**	সমবেতভাবে কৃত অনুষ্ঠান, সমবেতভাবে অনুষ্ঠিত	सामूहिक रूप से किया जाने वाला अनुष्ठान, सामूहिक रूप से अनूष्ठित	function collectively organised, collectively organised
বার্তাকু	বি.	**बार्ताकु**	বেগুন (সব্জি বিশেষ)	बैगन	brinjal
বার্তাবহ	বি. বিণ.	**बार्तावह**	১. সংবাদবাহক ২. দূত সংবাদবাহী	वार्तावह, संवादवाहक दूत	messenger representative one who convey's message
বার্ধক্য	বি.	**बार्धक्य**	১. বৃদ্ধাবস্থা ২. জরা	वार्द्धक्य, वृद्धावस्था जरा, बुढ़ापा	old age decrepitude

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বার্নিশ (ইং)	বি.	**बार्निश (अं.)**	চকচকে করিবার জন্য লেপ	वार्निश, लकड़ी चमकाने की पालिश	varnish
বার্লি (ইং)	বি.	**बार्लि (अं.)**	১. যবের গুঁড়া ২. যব	वार्ली, जौ का आटा	powdered barley barley
বার্ষিক	বিণ.	**बार्षिक**	১. বাৎসরিক ২. বৎসর সংক্রান্ত ৩. প্রতি বৎসর অনুষ্ঠেয় বা দেয়	वार्षिक, वात्सरिक वर्ष संबंधी प्रतिवर्ष अनुष्ठित होने वाला	annual relating to year held yearly
বার্ষিকী	বি.	**बार्षिकी**	বর্ষ-কর্তব্য, পূজাদি	वार्षिकी, प्रतिवर्ष की जानेवाली पूजा	anniversary
বালসুলভ/ বালকোচিত	বিণ.	**बालसुलभ/ बालकोचित**	বালকের স্বভাব, স্বাভাবিক এমন	बालसुलभ, बालकोचित	befitting a child, child like
বালক	বি.	**बालक**	১. শিশু, অল্পবয়স্ক ২. বিশেষত ষোল বৎসরের অনধিক পুরুষ ৩. অর্বাচীন বা অনভিজ্ঞ ব্যক্তি	बालक, शिशु, अल्प वयस्क विशेषतः सोलह साल से अधिक न हो अपरिपक्व	baby child boy (under sixteen) immature, minor
বালতি/ বালতী	বি.	**बालति/ बालती**	টবের ন্যায় আকার বিশিষ্ট হাতলযুক্ত পাত্র	बाल्टी, डोल की तरह का हत्थेवाला जलपात्र	bucket
বালা	বি.	**बाला**	১. বালিকা ২. তরুণী, যুবতী ৩. কন্যা ৪. বলয়, হাতের গহনা বিশেষ	बाला, बालिका तरुणी, युवती कन्या कंगन, हाथ का गहना	girl young girl daughter bangle
বালাই	বি.	**बालाइ**	১. অমঙ্গল ২. উৎপাত	अमंगल, उत्पात अशुभ	an ill omen an expression to counteract

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
	বিস্ম.		অশুভ উক্তির খণ্ডনসূচক (বালাই ষাট)	अशुभ उक्ति का खंडन सूचक	the effect of ill omen
বালাপোশ	বি.	**बालापोश**	পাতলা লেপ জাতীয় গাত্রবস্ত্র বিশেষ	पतली रजाईनुमा ओढ़ने का वस्त्र	light quilt used as a wrapper
বালি	বি.	**बालि**	বালুকণা, বালু	बालू	sand
বালিকা	বি.	**बालिका**	বালা, ছোট মেয়ে	बालिका, बाला, छोटी लड़की	girl, female child
বালিশ	বি.	**बालिश**	উপাধান	तकिया	pillow
বালু/বালুকা	বি.	**बालु/ बालुका**	বালি	बालू, रेत	sand
বালুচর	বিণ.	**बालुचर**	বালির পলি পড়িয়া উৎপন্ন চড়া	बालूचर,रेत की क्यारी	sand-bed
বালুশাই	বি.	**बालुशाइ**	গজার পাকে তৈরি এক প্রকার মিষ্টান্ন	बालूशाही, मैदे से बनी हुई एक तरह की मिठाई	a sweet made of wheat flour
বাল্মীকি	বি.	**बाल्मीकि**	রামায়ণ রচয়িতা আদি কবি ও মহাতপা মুনি	बाल्मीकि, रामायण के रचयिता और संस्कृत भाषा के आदि कवि	Valmiki, the first poet of Sanskrit and and composer of the Ramayana
বাল্য/ বাল্যকাল	বি.	**बाल्य/ बाल्यकाल**	ছেলেবেলা, বালক বয়স	बाल्यकाल, बचपन, बाल्यावस्था	childhood
বাঁশ	বি.	**बांश**	বংশ, তৃণ জাতীয় সুদীর্ঘ বৃক্ষ বিশেষ	बांस	bamboo
বাঁশগাড়ি	বি.	**बांशगाड़ि**	জমির সীমা নির্দেশের জন্য বাঁশ বা খুঁটি গাড়া	जमीन की सीमा निर्देश करने के लिए गाड़े हुए बांस के खंभे	bamboo-pole indicating boundary of land
বাঁশবাজি	বি.	**बांशबाजि**	বাঁশের খুঁটি পুঁতিয়া তাহার উপর উঠিয়া কসরৎ দেখানো	बांस गाड़कर उसके ऊपर चढ़ कर कसरत दिखाना	displaying feats on the top of a bamboo pole

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বাঁশরি/ বাঁশি	বি.	**बांशरि/ बांशि**	বাঁশি	वंशी, बाँसुरी	flute, pipe
বাশুলি	বি.	**बाशुलि**	১. দেবী বিশেষ	तांत्रिकों की देवी	name of the goddess worshipped by the Tantriks
			২. বিশালাক্ষী দেবী, চণ্ডীর রূপভেদ	विशालाक्षी देवी चंडी का रूप भेद	an epithet of the goddess Chandi
বাষট্টি	বিণ.	**बाषट्टि**	৬২ সংখ্যা বা সংখ্যক	बासठ, ६२ की संख्या	number sixty two, 62
বাষ্প	বি.	**बाष्प**	১. তরল পদার্থের বায়বীয় অবস্থা	वाष्प, भाप, तरल पदार्थ की वायवीय अवस्था	vapour
			২. ভাপ	भाप	steam
			৩. ধোঁয়া	धुआँ	smoke
			৪. অশ্রু (বাষ্পপূর্ণ নয়ন)	अश्र (अश्रपूर्ण नेत्र)	tears
			৫. আভাসমাত্র	आभास मात्र	a faint presence
বাষ্পাকুল	বিণ.	**बाष्पाकुल**	অশ্রুপূর্ণ, অশ্রুমাখা	अश्रपूर्ण, डबडबायी (आँख)	tearful, steaming with tears
বাষ্পীয়	বিণ.	**बाष्पीय**	১. বাষ্প সংক্রান্ত	भाप या वाष्प संबंधी	vapourous
			২. বাষ্প দ্বারা চালিত	भाप द्वारा चलाया जाने वाला	steam-operated
বাস	বি.	**बास**	১. আবাস, বাসস্থান	आवास, वासस्थान	residence, dewelling place
			২. বস্ত্র, কাপড়, বসন	वस्त्र, कपड़ा	cloth, dress
			৩. সুগন্ধ, সৌরভ	सुगंध, सौरभ	fragrance, perfume
			৪. বৃহৎ আকারের যাত্রীবাহী মোটর গাড়ি বিশেষ	बस, बड़े आकार की यात्रियों को ले जाने वाली मोटर गाड़ी	a bus
বাসক	বি.	**बासक**	ঔষধে ব্যবহৃত ক্ষুদ্র গাছ বিশেষ, বাসক গাছ	औषधि के रूप में काम आनेवाला छोटा पौधा विशेष	vasaka, a medicinal plant

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
	বিণ.		সুগন্ধকারক	वासक, सुगंधित करने वाला	fragrant
বাসকসজ্জা	বি.	**बासक-सज्जा**	নায়ক সমাগম প্রত্যাশায় যে নায়িকা সুসজ্জিতা হইয়া বাসরগৃহ সাজাইয়া রাখে	वासकसज्जा, नायक के आने की प्रतीक्षा में सजधजकर बैठनेवाली नायिका	heroine dressed up in expectation of her lover (poetry)
বাসন	বি.	**बासन**	১. সুগন্ধীকরণ ২. ধূপন ৩. রন্ধন, ভোজন ইত্যাদি কাজে ব্যবহৃত পাত্র ৪. জলপাত্র ৫. আধার বিশেষ ৬. বসবাস করিতে সাহায্য বা প্রেরণাদান	सुगंधित करना, धूप धूप देना भोजन बनाने का पात्र जलपात्र आधार रहने का स्थान	perfuming incensing utensil waterpot a container things necessary for a household
বাসনা	বি.	**बासना**	১. প্রত্যাশা ২. কামনা, বাঞ্ছা, অভিলাষ	वासना, प्रत्याशा कामना, वांछा, अभिलाषा	expectation desire, longing, wish
বাসন্তী	বি. বিণ.	**बासंती**	১. দুর্গা ২. বসন্ত সম্বন্ধীয়া ৩. কমলা লেবুর বা হলদে রঙের	वासंती, दुर्गा वसंत संबंधी वसंती	Durga relating to spring yellowish or orange-coloured
বাসন্তী পূজা	বি.	**बासंती पूजा**	বসন্তকালে অনুষ্ঠিত দুর্গা পূজা	वासंती पूजा, वसंतकाल में अनूष्ठित दुर्गापूजा	the worship of Durga held in spring
বাসর	বি.	**बासर**	১. দিবস ২. বার (রবিবাসর) ৩. যে ঘরে বরকন্যা পুরনারীগণের সহিত বিবাহ রজনী যাপন করে	वासर, दिवस वार (रविवार) जिस घर में वरकन्या नगर की स्त्रियों के साथ विवाह की रात बिताते हैं	day day of the week the room in which the bride and groom spend the first night of marriage in the company of other women

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বাসরঘর	বি.	**बासरघर**	বরকন্যার বিবাহ রজনী যাপনের কক্ষ	वह कमरा जिसमें वर-वधू विवाह की रात बिताते हैं	bridal chamber
বাসা	ক্রি.	**बासा**	১. মনে করা	सोचना	to deem
			২. অনুভব করা	अनुभव करना	to feel
	বি.		১. বাসস্থান	वासस्थान	residence
			২. কুলায়, নীড়	पक्षियों का घोंसला	nest
			৩. অস্থায়ী বাসস্থান	अस्थायी वासस्थान या बसेरा	temporary dwelling place
			৪. ভাড়াটিয়া বাড়ি	किराये का मकान, वासा	rented house
বাসাবাড়ি	বি.	**बासाबाड़ी**	বাসের জন্য ভাড়াটে বাড়ি	रहने के लिए किराये का घर	house rented for residence
বাসাড়ে	বি. বিণ.	**बासाड़े**	বাসাবাড়ির বাসিন্দা	किराये के घर में रहने वाला	inhabitant of rental house
বাসিন্দা	বিণ.	**बासिंदा**	বাসকারী, নিবাসী	वासिंदा, अधिवासी, निवासी	inhabitant, resident
বাসী	বিণ.	**बासी**	১. বাসকারী	वासी, रहने वाला (निवासी)	inhabitant
			২. টাটকা নহে এমন	जो ताजा नहीं है	stale
			৩. ধৌত	धुला हुआ	washed
			৪. পূর্বদিনের বা রাত্রে প্রস্তুত ব্যবহৃতজাত ইত্যাদি	पहले दिन का	of the previous day
			৫. অতিপুরাতন	बहुत पुराना	very old
বাসি বিয়ে	বি.	**बासि बिये**	হিন্দু বিবাহের পরদিনের আচরণীয় অনুষ্ঠান	विवाह के बाद के दिन का वैवाहिक अनुष्ठान	a marriage rite on the day following the marriage night
বাসুকি	বি.	**बासुकि**	নাগরাজ	वासुकी, नागराज	king of snakes
বাস্তব	বি.	**वास्तव**	১. সত্য	वास्तव, सत्य	real
			২. ইন্দ্রিয়গোচর জগৎ	इंद्रियगोचर अथवा वास्तविक जगत	phenomenal world

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			৩. প্রকৃত, যথার্থ, সত্তাযুক্ত	प्रकृत	real, true, genuine actual objective
			৪. ইন্দ্রিয়গোচর	यथार्थ	palpable, tangible, material
বাস্তববাদী	বি.বিণ.	**বাস্তববাদী**	বাস্তববাদ মানে এমন	भौतिकवादी, यथार्थवादी	materialist, realist
বাস্তবিক	বিণ.	**বাস্তবিক**	যথার্থ, নিশ্চিত, প্রকৃত	वास्तविक, यथार्थ, प्रकृत	actual, real, factual
	ক্রি.বিণ.		যথার্থত, সত্যাসত্য, প্রকৃতপক্ষে	यथार्थ में, सचमुच	really, actually in fact
বাস্তু	বি.	**বাস্তু**	১. বাসস্থান	वासस्थान, निवास स्थान	residence
			২. বাসগৃহ	स्थायी निवास	dwelling house
			৩. স্থায়ী বসতভূমি বা বসতবাটি	निवास स्थान	permanent residence
বাস্তুকার	বি.	**বাস্তুকার**	গৃহাদি নির্মাতা	वास्तुकार, गृहादि का निर्माता	architect
বাস্তুঘুঘু	বি.	**বাস্তুঘুঘু**	বহুকাল হইতে গৃহে বাস করে এমন অনপসরণীয় দুষ্ট ও সর্বনাশা ব্যক্তি	ऐसा दुष्ट और शैतान व्यक्ति जो बहुत समय से घर में रह रहा हो	a confirmed rogue, a man immorally remaining in the house and is wicked and ruinous
বাস্তুহারা	বিণ.	**বাস্তুহারা**	যে নিজের পৈত্রিক বাস্তুভিটা ত্যাগ করিতে বাধ্য হইয়াছে	जिसको अपनी पैतृक जमीन बाध्य होकर छोड़नी पड़ी हो	refugee, one compelled to abandon his paternal residence
বাহক	বিণ.	**বাহক**	বহনকারী	वाहक, ढोकर या लादकर ले जाने वाला	carrier
	বি.		সারথি	सारथी	charioter
বাহন	বি.	**বাহন**	১. যাহার দ্বারা বহন করা হয় বা যাহাতে চড়িয়া যাওয়া যায়	वाहन, जिसके द्वारा कोई चीज लदवाकर ले जायी जाए, बोझा	one who is made to carry, a carrier
			২. মাধ্যম	माध्यम	a medium
			৩. অনুচর (বিদ্রূপে)	अनुचर (खराब अर्थ में)	follower (derisively)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বাহ্‌বা	বিস্ম.	**বাহবা**	প্রশংসা সূচক উক্তি, বাঃ	वाह वाह! प्रशंसासूचक उक्ति	excellent!
বাহা/বাঃ	বিস্ম.	**বাহা/বা:**	তৃপ্তিসূচক উক্তি	वाह वाह! तृप्ति-सूचक उक्ति	wonderful waw!
বাহাত্তুরে	বিণ.	**বাহাত্তুরে**	১. ৭২ বৎসর বয়স্ক	बहत्तर, ७२ साल का वयस्क	aged 72
			২. যাহার বল বুদ্ধিনাই এমন অকর্মণ্য বৃদ্ধ, ভীমরতিগ্রস্ত	जिसमें बल बुद्धि नहीं है अशक्त वृद्ध, सठियाया हुआ	senile, decrepit, old
বাহাদুর	বিণ.	**বাহাদুর**	১. কৃতী	बहादुर	man of achievements
			২. কুশলী	चतुर	skillful
			৩. বীর	वीर	hero
			৪. প্রশংসা	प्रशंसा के योग्य	commendable
	বি.		সরকারি খেতাব বিশেষ	अंग्रेजों के समय में सरकारी पदवी	an official title during British rule
বাহাদুরি	বি.	**বাহাদুরি**	বাহাদুরের ভাব বা কাজ	बहादुरी का काम	achievement, valour, bravery
বাহানা	বি.	**বাহানা**	আবদার, ছল, ছুতা	बहाना, जिद्द, हठ	importunity
বাহান্ন	বি.বিণ	**বাহান্ন**	৫২ সংখ্যা বা সংখ্যক	बावन, ५२ की संख्या	52, fifty-two
বাহাল	বিণ.	**বাহাল**	দ্রঃ বহাল		
বাহিনী	বি.	**বাহিনী**	১. নদী, প্রবাহিনী	वाहिनी, नदी, बहनेवाली	river, stream
			২. সৈন্যদল	सेना, सैन्यदल	army
বাহির	বি.	**বাহির**	বহির্ভাগ, বহির্দেশ	बाहर का हिस्सा, बाहर का स्थान	outside portion, exterior
	বিণ.		১. বহির্গত, নিষ্ক্রান্ত	बाहर किया गया निष्क्रांत या बाहर निकाला हुआ	turned out, ejected

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			২. নিষ্কাশিত	निष्कासित	drained out
			৩. নিঃসৃত	निःसृत	secreted
			৪. প্রকাশিত	व्यक्त	revealed
			৫. আবিষ্কৃত	आविष्कृत	discovered
			৬. বহিষ্কৃত	बहिष्कृत	rejected
			৭. দূরীকৃত	दूर किया हुआ	expelled
বাহু	বি.	**বাহু**	১. ভুজ, কাঁধ হইতে হাতের আঙ্গুল পর্যন্ত দেহাংশ	बाहु, भुजा, कंधे से हाथ की उंगली तक का भाग	arm
			২. (জ্যামিতি) চতুর্ভুজ ও ত্রিভুজ প্রভৃতির পার্শ্বরেখা	(ज्यामिति) चतुर्भुज और त्रिभुज के पास की रेखा	side
বাহুবন্ধন	বি.	**বাহুবंधन**	আলিঙ্গন	बाहुबंधन, आलिंगन	embrace
বাহুবল	বি.	**বাহুবল**	গায়ের বা হাতের জোর	बाहुबल, शारीरिक शक्ति	physical strength
বাহুল্য	বি.	**বাহুল্য**	১. বহুলতা, আধিক্য	बाहुल्य, बहुतायत, बहुत अधिक	abundance
			২. বাড়াবাড়ি	अधिकता, ज्यादती या अतिरेक	excess
বাহ্য	বিণ.	**বাহ্য**	১. বহনীয়	वाह्य, वहन किए जाने योग्य	portable
			২. বহিস্থ, বাহিরের দৃশ্য (কিন্তু অযথার্থ ও অপ্রধান)	बाहर का, बाहर का दृश्य (किंतु अवास्तविक)	external outer, visible
বাহ্যজগৎ	বি.	**বাহ্যজগত**	জড়জগৎ	जड़जगत या बाह्यजगत	material world
বাহ্যজ্ঞান	বি.	**বাহ্যজ্ঞান**	১. বহির্বিষয়ের জ্ঞান	बाह्यजगत, बाहरी विषय का ज्ञान	consciousness about the external world
			২. ইন্দ্রিয় দ্বারা লব্ধ জ্ঞান	इंद्रिय द्वारा प्राप्त ज्ञान	sense-perception
			৩. চেতনা	चेतना	consciousness
বাহ্যদৃষ্টি	বি.	**বাহ্যদৃষ্টি**	১. অন্তর্দৃষ্টির বিপরীত	वाह्यदृष्टि (अंतर्दृष्टि के व्यतिरेक में)	external view (contrary to inner view)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বাহ্যিক	বিণ.	**बाह्यिक**	১. বাহিরের ২. আপাতদৃষ্ট	बाहर का प्रत्यक्ष	external apparent
বাহ্যে	বি.	**बाह्ये**	১. মল, বিষ্ঠা ২. মলত্যাগ ৩. মলত্যাগের বেগ	मल, विष्ठा मलत्याग मलत्याग का वेग	faeces excrement, evacuating bowels motion of bowels
বিউলি	বি.	**बिउलि**	খোসা-ছাড়ান মাষ কলাই	बिना छिलके की उड़द की दाल	a husked and split pulses (black eyed beans)
বি.এ (ইং)	বি.	**बि. ए. (अं.)**	কলাশাস্ত্রে বিশ্ববিদ্যালয়ে স্নাতক উপাধি	बी.ए. की उपाधि	degree of Bachelor of Arts
বি.এল্ (ইং)	বি.	**बि. एल. (अं.)**	আইন বিষয়ে বিশ্ব-বিদ্যালয়ের স্নাতক উপাধি	बी.एल. की उपाधि	degree of Bachelor of Law
বি.এসসি(ইং)	বি.	**बि.एससि. (अं.)**	বিজ্ঞান বিষয় বিশ্ব-বিদ্যালয়ের স্নাতক উপাধি	बी.एस-सी.की उपाधि	degree of Bachelor of Science
বিংশ	বিণ.	**विंश**	কুড়ি (২০) সংখ্যার সূচক	२० की संख्या, बीसवां	twenty, twentieth
বিংশতি	বিণ.	**विंशति**	কুড়ি, বিশ; ২০ সংখ্যা বা সংখ্যক	बीस, २० की संख्या	twenty
বিঁধ	বি.	**विंध**	ছিদ্র, ছেঁদা, ফোঁড়া	छिद्र, छेद	hole, bore, stitch
বিঁধা	ক্রি.	**विंधा**	১. বিদ্ধ হওয়া ২. ছিদ্র করা ৩. বিধান	छेद होना छेद करना बींधना	to be pierced to drill to pierce
বিকচ	বিণ.	**विकच**	১. বিকশিত ২. কেশহীন	विकसित केशहीन	blooming bald
বিকট	বিণ.	**विकट**	উৎকট ও বিশাল, ভীষণ ও বিরাট	विकट, भीषण, विराट	tedious, terrible monstrous
বিকম্পিত	বিণ.	**विकंपित**	অতিশয় কম্পিত	विकंपित, बहुत अधिक काँपता हुआ, कंपित	greatly shaken

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বিকর্ষ/ বিকর্ষণ	বি.	**विकर्ष/ विकर्षन**	১. আকর্ষণের বিপরীত	आकर्षण का उल्टा या विपरीत	repulsion,
			২. উল্টা টান	उल्टी ओर खींचना या विकर्षण	pull in the opposite direction
বিকল	বিণ.	**विकल**	১. কলাহীন, অংশহীন	विकल, अंगहीन	lacking in limb or part
			২. অক্ষম, অসমর্থ, অংশ	अक्षम	incapable, unable
			৩. অচল, অস্থির	असमर्थ	worn out, disabled, out of order
বিকলাঙ্গ	বিণ.	**विकलांग**	অঙ্গহীন, দেহের কোনো এক বা অধিক অঙ্গ নাই বা অঙ্গে ত্রুটি আছে	विकलांग, अंगहीन जिसका शरीर का कोई अंग टूट गया हो	crippled, deformed, disabled
বিকল্প	বি.	**विकल्प**	১. পরিবর্ত বা বিপরীত কল্পনা	विकल्प	alternative concept
			২. বিভিন্ন কল্পনা	मन में एक कल्पना होने के बाद उससे मिलती-जुलती अथवा उसके विपरीत दूसरी कल्पना	variant concept
			৩. ইচ্ছানুযায়ী কল্পনা	इच्छानुसार कल्पना	wishful thinking,
			৪. সংশয়	संशय	misgiving doubt
			৫. শব্দাদির একাধিক রূপ	शब्दों के एक से अधिक रूप	substitutes of a word
বিকশিত	বিণ.	**विकशित**	১. বিকাশপ্রাপ্ত	विकसित, जिसका विकास हुआ हो	manifested
			২. প্রস্ফুটিত	प्रस्फुटित	blossomed
			৩. প্রকাশিত, ব্যক্ত	प्रकाशित, व्यक्त	revealed
বিকান/ বিকানো	ক্রি. বিণ.	**विकान/ विकानो**	বিক্রি হওয়া, বিক্রি করা, বিক্রীত	बिकना, बेचना बेचा हुआ, बिका हुआ	to be sold sold, given away
বিকার	বি.	**विकार**	১. অস্বাভাবিক অবস্থা	विकार	perversion
			২. জ্বরাদি রোগ, প্রলাপ	अस्वाभाविक अवस्था ज्वरादि रोग से होने वाला सन्निपात	delirium
			৩. রূপান্তর	रूपांतर	change of form
			৪. রোগ	बीमारी	illness
বিকারগ্রস্ত	বিণ.	**विकारग्रस्त**	১. বিকার দ্বারা আক্রান্ত	विकार-ग्रस्त	perverted

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			২. প্রলাপ বকিতেছে এমন	जो बेहोशी में प्रलाप कर रहा हो	delirious
			৩. বিকৃতিপ্রাপ্ত	विकृत	corrupted
বিকারী	বিণ.	**विकारी**	১. পরিবর্তনশীল	विकारी, परिवर्तनशील	changeable
			২. বিকারযুক্ত	विकारयुक्त	delirious, oblique
বিকাল	বি.	**विकाल**	অপরাহ্ন, বিকেল	अपराह्न या दोपहर बाद, शाम	late afternoon
বিকাশ/ বিকাস	বি.	**विकाश/ विकास**	১. উন্মেষ	विकास, उन्मेष	manifestation
			২. বিস্তার	विस्तार	expression
			৩. প্রকাশ	प्रकाश	revelation
			৪. প্রস্ফুটন	खिलना	bloom
বিকিকিনি	বি.	**विकिकिनि**	বেচাকেনা	क्रय-विक्रय, खरीद-फरोख्त	buying and selling
বিকিরণ	বি.	**विकिरण**	১. বিক্ষেপণ	विकीरण, बिखेरना, फैलाना या छिटकाना	radiation
			২. ছড়ানো		diffusion
বিকীর্ণ	বিণ.	**विकीर्ण**	ছড়ানো হইয়াছে এমন	विकीर्ण, बिखरा अथवा बिखराया हुआ	radiated, diffused
বিকুলি	বি.	**विकुलि**	১. ব্যাকুলভাব, ব্যাকুলতা	विकल, व्याकुलभाव	eagerness, avidity
			২. ব্যাকুলতা প্রকাশ	व्याकुलता, व्याकुलता की अभिव्यक्ति	expression of eagerness
বিকৃত	বিণ.	**विकृत**	১. বিকারপ্রাপ্ত	विकृत, जिसमें किसी प्रकार का विकार आ गया हो	corrupted vitiated
			২. দোষপ্রাপ্ত	दोष-ग्रस्त	perverted
			৩. পচা	सड़ा	decomposed
বিকৃতি	বি.	**विकृति**	১. বিকৃত ভাব বা অবস্থা	विकृत होने का भाव अथवा खराबी	corruption
			২. বিকার	विकार	perversion
			৩. রোগ	रोग, विकृति	disease
বিকেল	বি.	**विकेल**	দ্রঃ বিকাল		

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বিকেন্দ্রন/ বিকেন্দ্রীকরণ	বি.	**विकेन्द्रन/ विकेन्द्री-करण**	কেন্দ্রীয় সরকারের শাসন হইতে মুক্ত করিয়া প্রাদেশিক সরকারের শাসনাধীন করণ	विकेंद्रीकरण या प्रादेशिक सरकार का शासन	decentralization
বিক্রম	বি.	**विकम**	১. বল ২. প্রতাপ, পরাক্রম ৩. শৌর্য, বীরত্ব	विक्रम, बल अथवा शक्ति प्रताप, पराक्रम, शौर्य, वीरता या बहादुरी	power force might, valour, prowess
বিক্রমশালী/ বিক্রান্ত	বিণ.	**विकमशाली /विकांत**	১. বিক্রমপূর্ণ ২. পরাক্রান্ত	विक्रमशाली, प्रतापी या शक्तिशाली, पराक्रमी	mighty valorous
বিক্রয়/বিক্রি	বি.	**बिकय/ बिकि**	১. মূল্যের বিনিময়ে অধিকার ত্যাগ, বিক্রি	विक्रय, बिक्री, दाम लेकर किसी चीज का स्वत्वाधिकार दूसरे को देना	selling, sale
বিক্রীত	বিণ.	**बिकोत**	যাহা বেচা হইয়াছে	जो बेचा गया हो अथवा बिका हुआ	sold
বিক্রেতা	বিণ.	**बिकता**	বিক্রয়কারী	विक्रेता, बिक्री करने वाला	seller
বিক্ষত	বিণ.	**विक्षत**	আহত, আঘাতজনিত ক্ষত বিশিষ্ট	विक्षत, आहत, जिसे घाव लगा हो	injured, wounded
বিক্ষিপ্ত	বিণ.	**विक्षिप्त**	১. ইতস্তত নিক্ষিপ্ত বা বিকীর্ণ ২. এলোমেলো ৩. অস্থির, অব্যবস্থিত	इधर-उधर फेंका अथवा छितराया हुआ, अस्त-व्यस्त अस्थिर अव्यवस्थित	scattered, disorderly dispersed distracted
বিক্ষুব্ধ	বিণ.	**विक्षुब्ध**	১. ক্ষোভযুক্ত, বিশেষ দুঃখিত ২. বিচলিত, অস্থির, চঞ্চল	विक्षुब्ध, क्षोभपूर्ण या दुःखपूर्ण विशेषतः दुखित विचलित, अस्थिर	aggrieved, mortified, agitated, restless
বিক্ষেপ	বিণ. বি.	**विक्षेप**	১. ছড়ানো ২. ইতস্তত নিক্ষেপ চাঞ্চল্য, অস্থিরতা	प्रकीर्ण, छितराया हुआ इधर-उधर बिखरा हुआ चंचलता, अस्थिरता	scattering throwing about agitation, restlessness

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বিক্ষোভ	বি.	**বিক্षোভ**	১. আলোড়ন, চাঞ্চল্য, অস্থিরতা	विक्षोभ, उद्विग्नता, चंचलता अस्थिरता, असंतोष	agitation, restlessness
			২. বিশেষ অসন্তোষ জনিত আন্দোলন	उथल-पुथल	movement, great discontent
বিখ্যাত	বিণ.	**বিख्यात**	অতিশয় খ্যাত, প্রসিদ্ধ	विख्यात, बहुत अधिक प्रसिद्घ, मशहूर	very famous, renowned
বিগড়ানো	ক্রি.	**বিগড়ানো**	১. বিকৃত বা খারাপ হওয়া বা করা	बिगड़ना, खराब होना अथवा करना	to be corrupted
			২. কুপথে যাওয়া	बुरे मार्ग पर जाना	to go astray
			৩. প্রতিকূল হওয়া	प्रतिकूल होना	to be hostile
			৪. কুপথে যাওয়া বা করা	कुपथ पर ले जाना	to lure somebody to badway
	বিণ.		বিগড়ান, কুপথে অগ্রসর	बिगड़ा हुआ	spoiled, wayward
বিগত	বিণ.	**बिगत**	১. প্রথিত	विगत	departed
			২. অতীত	बीता हुआ	post
			৩. মৃত	मृत	deceased
			৪. অপগত	जिसकी कांति या प्रभाव नष्ट हो गया है	dispelled
			৫. নষ্ট	नष्ट	spoilt
বিগর্হিত	বিণ.	**बिगर्हित**	১. অতিশয় নিন্দিত	विगर्हित, जिसकी अत्यधिक निंदा हुई हो	greatly reprehended
			২. তিরস্কৃত	तिरस्कृत	censured
			৩. নিষিদ্ধ	निषिद्घ	prohibited
			৪. বিশেষ কলঙ্কজনক	कलंकित, बहुत अधिक कलंक जनक, अपयशकर	highly disgraceful
			৫. দূষিত	दूषित	adulterated
বিগলিত	বিণ.	**बिगलित**	১. যাহা গলিয়া গিয়াছে	विगलित	melted
			২. ক্ষরিত	जो गल गया हो	dissolved, moved
			৩. স্খলিত	शिथिल	loosened
			৪. দ্রবীভূত	द्रवीभूत	fallen
বিগ্রহ	বি.	**बिग्रह**	১. কলহ	कलह	quarrel
			২. দেব প্রতিমা	देवता की मूर्ति	image of a deity
			৩. দেহ	देह	body
			৪. যুদ্ধ	युद्घ	battle

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বিঘটন	বি.	**बिघटन**	১. বিশ্লেষণ ২. ব্যাঘাত ৩. বিরোধ ৪. অনিষ্ট ৫. বিকাশ	विघटन, विश्लेषण रुकावट विरोध अनिष्ट विकास	analysis hindrance conflict harm manifestation
বিঘত	বি.	**बिघत**	হাতের বুড়া আঙ্গুল হইতে কড়ে আঙ্গুল পর্যন্ত বিস্তার, অর্ধহস্ত বা দ্বাদশাঙ্গুলি পরিমাণ	हाथ के अंगूठे से छोटी उंगली तक का विस्तार बालिश्त	a span of extended hand
বিঘা	বি.	**बिघा**	জমির পরিমাণ বিশেষ, কুড়ি কাঠা বা প্রায় ১/৩ একর ভূমি	बीघा, जमीन का परिमाण २० कट्ठा अथवा १/३ एकड़ भूमि	bigha, 1/3 of an acre
বিঘোর	বি.	**बिघोर**	দ্রঃ বেঘোর		
বিঘোষিত	বিণ.	**विघोषित**	সর্বত্র বা ব্যাপকভাবে ঘোষিত বা প্রচারিত	उद्घोषित अथवा सब जगह घोषित किया हुआ	proclaimed
বিঘ্ন	বি.	**विघ्न**	বাধা, প্রতিবন্ধক, ব্যাঘাত	विघ्न, बाधा, प्रतिबंध व्याघात	opposition, hindrance, detraction
বিচক্ষণ	বিণ.	**विचक्षण**	১. সুবিবেচক ২. জ্ঞানী, অভিজ্ঞ, বিদ্বান, পণ্ডিত ৩. দূরদর্শী ৪. কর্মকুশল	विचक्षण, समझदार विवेकशील, ज्ञानी, विद्वान, पंडित अभिज्ञ, दूरदर्शी कार्यकुशल	judicious, wise, experienced far, sighted, competent adroit
বিচরণ	বি.	**विचरण**	ইতস্তত ভ্রমণ	विचरण, इधर-उधर घूमना	wandering
বিচলিত	বিণ.	**विचलित**	১. চঞ্চল, অস্থির ২. আন্দোলিত ৩. স্থানচ্যুত	विचलित, चंचल, अस्थिर आंदोलित स्थानच्युत	restless agitated displaced
বিচার	বি.	**विचार**	১. বিবেচনা, গবেষণা ২. স্বরূপ নির্ণয় ৩. সিদ্ধান্তে উপনীত হওয়া নিষ্পত্তি ৪. সত্য, মিথ্যা, ন্যায়,	विचार, विवेचना, गवेषणा वस्तु-निर्णय निष्कर्ष, निष्पत्ति सत्यमिथ्या, हार-जीत	consideration ascertainment of truth conclusion, declaration judgement, decision

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			অন্যায়, হার-জিত প্রভৃতি নিরূপণ	न्याय-अन्याय निरूपण करना	
বিচারক/ বিচারপতি	বি.	**বিচারক/ বিচারপতি**	যিনি বিচার করেন, জজ	विचारक, विचार करने वाला, न्यायाधीश	judge
বিচার্য/ বিচারণীয়	বিণ.	**বিচার্য/ বিচারণীয়**	১. বিচার করিতে হইবে এমন, বিচার্য	विचारणीय, विवेच्य या विवेचनीय	what is to be judged
			২. যুক্তি দ্বারা নিরূপণীয়	युक्ति के द्वारा निरूपित	what is to be discussed
বিচারাধীন	বিণ.	**বিচারাধীন**	১. বিচার বিবেচনা করা হইতেছে বা হইবে এমন	विचाराधीन, जिस पर अभी विचार हो रहा हो	under trial, justiceable
			২. বিচার্য	विचारणीय	under consideration
বিচারালয়	বি.	**বিচারালয়**	যেখানে বিচার করা হয়, আদালত	जहाँ विचार होता है, न्यायालय	law court
বিচালি/ বিচিলি	বি.	**বিচালি/ বিচিলি**	ধানের খড়	धान इत्यादि का पुआल	straw
বিচি	বি.	**বিচি**	১. বীজ	बीज	seed
			২. অণ্ডকোষ	अंडकोष	
বিচিকিচ্ছি/ বিতিকিচ্ছি	বিণ.	**বিচিকিচ্ছি/ বিতিকিচ্ছি**	অত্যন্ত কুৎসিত বা বিকট, বিশ্রী, কিম্ভূত কিমাকার	अत्यंत कुत्सित अथवा विकट, कुरूप, वीभत्स, विरूप, बेडौल	ugly, odd, repulsive, misshaped, malformed
বিচিত্র	বিণ.	**বিচিত্র**	১. নানা বর্ণযুক্ত	विचित्र, कई तरह के रंगों वाला	multi-coloured
			২. সুন্দর	सुंदर	beautiful
			৩. বিস্ময়কর	चकित करने वाला, कुतूहल जनक	wonderful
			৪. নানারূপ বিষয় সমন্বিত	जिसमें कई विषय शामिल हों	multifarious
বিচিত্রিত	বিণ.	**বিচিত্রিত**	নানা বর্ণে বা প্রকারে, বিচিত্র	अनेक रंगों से अथवा अनेक प्रकार से चित्रित किया हुआ	painted in multiple colours

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বিচূর্ণ/ বিচূর্ণিত	বিণ.	**विचूर्ण/ विचूर्णित**	বিশেষভাবে গুঁড়া করা হইয়াছে এমন	पूर्ण रूप से चूर्ण किया हुआ	pulverized, powdered, broken
বিচ্ছিন্ন	বিণ.	**विच्छिन्न**	১. সম্যক ছিন্ন ২. বিযুক্ত, বিভক্ত	विच्छिन्न, पूर्ण रूप से अलग किया हुआ, अलग, विभक्त	separated, torn, detached, isolated
বিচ্ছু	বি.	**बिच्छु**	১. বৃশ্চিক, কাঁকড়া বিছা ২. অত্যন্ত ধূর্ত ও অনিষ্ট কারী লোক ৩. অত্যধিক দুরন্ত শিশু	बिच्छू, केंकड़ा अत्यंत धूर्त और अनिष्ट करने वाला व्यक्ति अत्यंत ऊधमी बालक	scorpion, sly and harmful very naughty child
বিচ্ছুরিত	বিণ.	**विच्छुरित**	১. রঞ্জিত ২. অনুলিপ্ত ৩. বিকীর্ণ	रंगा हुआ लिप्त या अनुरंजित विकीर्ण	coloured smeared radiated
বিচ্ছেদ	বি.	**विच्छेद**	১. বিভেদ, বিরহ, বিয়োগ, ছাড়াছাড়ি ২. পার্থক্য ৩. বিরতি	विच्छेद, विभेद, विरह, वियोग पार्थक्य अलग होना	separation, discord estrangement, difference interval
বিচ্যুত	বিণ.	**विच्युत**	১. স্খলিত, পতিত, ভ্রষ্ট ২. বিচ্ছিন্ন	विच्युत, स्खलित, पतित भ्रष्ट, विच्छिन्न	detached, fallen-off shed, separated, estranged
বিচ্যুতি	বি.	**विच्युति**	১. স্খলন, পতন, ভ্রষ্ট হওয়া ২. বিচ্ছিন্ন হওয়া	विच्युति, स्खलन, पतन, भ्रष्ट होना विच्छिन्न होना	detachment, shedding falling-off, separation, estrange-ment
বিছা	বি. ক্রি.	**बिछा**	১. বৃশ্চিক ২. বিছাহার ৩. ভূষণ বিশেষ বিছান	वृश्चिक बिच्छू, कंठहार आभूषण बिछाना	scorpion necklace ornament to spread (bed)
বিছানা	বি.	**बिछाना**	শয্যা	शय्या, बिस्तर	bed
বিছানো	ক্রি.	**बिछानो**	দ্রঃ বিছা		

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বিছুটি/তি	বি.	**बिछुटि/ति**	ক্ষুদ্র বন্য গাছ বিশেষ, যাহা শরীরে স্পৃষ্ট হইলে চুলকায় ও জ্বালা করে	एक प्रकार का छोटा जंगली पौधा जिसके शरीर में स्पर्श होने से खुजली और जलन होती है, बिच्छू घास	a kind of nettle (plant)
বিজড়িত	বিণ.	**विजड़ित**	বিশেষভাবে বিশ্রীরকম জড়াইয়া গিয়াছে এমন	विजड़ित, बुरी तरह से बंधा या जकड़ा हुआ	entangled, intertwined
বিজন	বিণ.	**विजन**	জনহীন, নির্জন, নিভৃত	विजन, जनहीन, निर्जन, सुनसान	lonely, desolate, solitary
বিজয়	বি.	**विजय**	১. জয় ২. জিৎ	विजय, जय जीत	victory win
বিজয়া	বি.	**विजया**	১. দুর্গা ২. দুর্গাদেবীর সখী ৩. সিদ্ধি ৪. ভাং ৫. বিজয়া দশমী	विजया, दुर्गा दुर्गा देवी की सखी सिद्धि भांग विजयादशमी	Durga companion of Durga accomplishment hemp the day .on which the image of Durga is immersed.
বিজয়া দশমী	বি.	**विजया दशमी**	যে তিথিতে দুর্গা প্রতিমা বিসর্জন দেওয়া হয়	विजयादशमी, जिस तिथि में दुर्गा की प्रतिमा का विसर्जन किया जाता है	the lunar day on which the image of goddess Durga is immersed in a river
বিজয়ী	বিণ.	**विजयी**	জয়লাভকারী, বিজেতা	विजयी, जीतनेवाला, विजेता	victorious, winner
বিজলি/ বিজলী/ বিজুলি	বি.	**बिजलि/ बिजली/ बिजुलि**	১. বিদ্যুৎ ২. বৈদ্যুতিক বাতি (বিজলি বাতি)	बिजली, विद्युत बिजली, बत्ती बिजली (आसमान की)	electricity electric bulb lightning
বিজাত	বিণ.	**विजात**	জারজ, বেজন্মা	विजात, जारज, अवैध संतान	illegitimate, bastard
বিজাতীয়	বিণ.	**विजातीय**	১. ভিন্ন জাতি সম্বন্ধীয় ২. বিষম, উৎকট	विजातीय, भिन्न जाति का, विषम, उत्कट, उग्र, भयानक	of a different race virulent, extreme
বিজিত	বিণ.	**विजित**	১. পরাজিত ২. যাহা জয় করা হইয়াছে (বিজিত দেশ)	विजित, पराजित, जिसे जीता गया हो (विजित देश)	defeated, subdued vanquished

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বিজেতা	বি.	**विजेता**	জয়লাভকারী	विजेता, जीतने वाला	winner, conquerer
বিজোড়	বিণ.	**विजोड़**	১. অযুগ্ম, জোড়হীন ২. দুই দিয়া ভাগ করিলে মিলিয়া যায় এমন	विषम, बेजोड़ दो से भाग करने पर जो पूरा नहीं होता	odd uneven
বিজ্ঞ	বিণ.	**विज्ञ**	১. জ্ঞানী ২. অভিজ্ঞ ৩. বিচক্ষণ	विज्ञ ज्ञानी विवेकी	wise experienced judicious
বিজ্ঞপ্তি/ বিজ্ঞাপন	বি.	**विज्ञप्ति/ विज्ञापन**	১. বিশেষভাবে জ্ঞাপন, জানানো ২. নিবেদন ৩. সাধারণকে জানাইবার জন্য লেখন	विज्ञप्ति, ज्ञापन, विशेष रूप से बताना या सूचित करना निवेदन सर्वसाधारण के सूचनार्थ लिखना	notice, circular Prayer, request petition
বিজ্ঞান	বি.	**विज्ञान**	১. বিশেষভাবে জ্ঞান, তত্ত্বজ্ঞান ২. পরীক্ষা প্রমাণ যুক্তি ইত্যাদি দ্বারা নির্ণীত শৃঙ্খলিত শাস্ত্র	विज्ञान, विशेषज्ञान, तत्वज्ञान परीक्षा, प्रमाण, युक्ति आदि द्वारा निर्णीत ज्ञान	special knowledge knowledge based on analysis, facts or objects
বিজ্ঞানী	বিণ.	**विज्ञानी**	বিজ্ঞানবিৎ	वैज्ञानिक	scientist
বিট	বি.	**विट**	১. ধূর্ত বা শঠ লোক ২. কামুক বা লম্পট ব্যক্তি ৩. ঔষধার্থ কৃত্রিম লবণ বিশেষ	धूर्त अथवा दुष्ट व्यक्ति कामुक या लंपट व्यक्ति कृत्रिम लवण विशेष	cunning, deceitful lustful, reprobate a salt
বিটকেল	বিণ.	**विटकेल**	১. বিশ্রী ২. কুৎসিত	भद्दा, बुरा कुत्सित	ugly ugly
বিটপ/ বিটপী	বি.	**विटप/ विटपी**	১. গাছের ডাল, শাখা ২. পল্লব বৃক্ষ, গাছ	वृक्ष की डाल, शाखा, पल्लव वृक्ष, पेड़	branch tree
বিটপালঙ্	বি.	**विटपालङ**	একপ্রকার কন্দযুক্ত শাক	पालक अथवा पालक की तरह का साग	a kind of spinach

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
বিটলবণ	বি.	**विटलवण**	ঔষধার্থ কৃত্রিম লবণ	काला नमक	a salt
বিটলে/ বিটলা/ বিটেল	বিণ.	**विटले/ विटला/ विटेल**	ধূর্ত, দুষ্ট, প্রবঞ্চক	धूर्त, दुष्ट, ठग	cunning, wicked, deceitful
বি.টি. (ইং)	বি.	**बि.टि. (अं.)**	শিক্ষাদান শাস্ত্রে স্নাতক উপাধি	बी० टी०, शिक्षण शास्त्र की स्नातक उपाधि	B. T. (Bachelor of Teaching)
বিড়বিড়	বি. অনু.	**बिड़बिड़**	অস্পষ্ট বা অনুচ্চস্বরে কথন	बुड़बुड़ाने की आवाज	indistinct mumbling sound
বিড়ম্বনা	বি.	**बिडंबना**	১. বঞ্চনা, ছলনা	विडंबना, वंचना, धोखा	deception, fraudulence
			২. অনর্থ, দুর্ভোগ	बिना बात कष्ट	unnecessary harassment
			৩. অনুকরণ	मजाक	mockery
বিড়ম্বিত	বিণ.	**बिडंम्बित**	১. বঞ্চিত	वंचित	deprived
			২. ক্লেশিত	कष्टदायक	troubled
			৩. ক্লেশপ্রাপ্ত	कष्टमय	harassed
			৪. অনুকৃত	जिसका मजाक बनाया गया हो	mocked
বিড়া/বীড়া	বি.	**बिड़ा/बीड़ा**	১. হাঁড়ি, কলসি প্রভৃতি বসাইবার জন্য অথবা বস্তা ইত্যাদি দ্বারা প্রস্তুত তৈয়ারি বেষ্টনী বিশেষ	हांड़ी-कलसी आदि रखने के लिए खेस अथवा बोरे से तैयार किया गया घेरा अथवा गोलपिंड	straw or jute coil,
			২. ২০ গণ্ডা বা এক গোছা পান	बीस २० गंडा अथवा एक गुच्छा पान	a bundle of betel leaves, sheaf of paddy
